দৈনিক বাংলা

তারিখ 28 OCT 1992
পৃষ্ঠা ৩ কলাম ২

08

# বুয়েট ছাত্রছাত্রীরা গণশিক্ষা কার্যক্রমে অংশ নেবেন

বুয়েট রিপোর্টার ঃ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ১৯৯১–৯২ সেশনের ১ম বর্ষের ছাত্রছাত্রীদের গণশিক্ষা কার্যক্রমে অংশগ্রহণের জন্য ১১ দিনব্যাপী প্রশিক্ষণ কার্যক্রম সোমবার শুরু হয়েছে। এক অনাড়ম্বর উদ্বোধনী অনুষ্ঠানে অবসরপ্রাপ্ত অতিরিক্ত শিক্ষাসচিব ফেরদৌস খান ছাত্রছাত্রীদেকে তাদের অবসর সময় নিরক্ষর মানুষকে অক্ষরজ্ঞান প্রদানের কাজে ব্যয় করার পরামর্শ দেন। তিনি প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। বুয়েট অডি-টরিয়াম কমপ্লেক্সের দোতলায় সেমিনার রুমে অনুষ্ঠিত এই উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন—বুয়েটের ছাত্র–কল্যাণ পরিচালক ডঃ আইনুন নিশাত।

অনুষ্ঠানে বক্তারা আশা প্রকাশ করেন, ছাত্রছাত্রীরা প্রত্যেকে কমপক্ষে ১০ জন নিরক্ষর মানুষকে অক্ষরজ্ঞান প্রদান করবে। উল্লেখ্য, প্রশিক্ষণে অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের বিশ্ববিদ্যালয়ের ক্লাস ১ বৎসর পর শুরু হবে। অনুষ্ঠানে আশা প্রকাশ করা হয়, ছাত্রছাত্রীরা যার যার এলাকার গণমান্য লোকদের নিয়ে একটি কমিটি গঠন করবে এবং তাদের অধীনে সাক্ষরতাদান কাজ পরিচালনা করবে। সাফল্যজনকভাবে সাক্ষরতাদান কাজ শেষ করলে ছাত্রছাত্রীদের সনদপত্র প্রদান করা হবে। সাক্ষরতাদান কাজে সহযোগিতার জন্য প্রত্যেককে বই, কাগজ, পেন্সিল সরবরাহ করা হয়।

প্রশিক্ষণের প্রথম দিনে স্থাপত্য বিভাগের ছাত্রছাত্রীদের প্রশিক্ষণ দেয়া হয়। প্রশিক্ষণ দেন এম এম আবদুল হাই। ভর্তিপ্রাপ্ত ৫০ জনের মধ্যে ৪৭ জন ছাত্রছাত্রী প্রশিক্ষণে অংশ নেয়।

উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ডঃ এস এম নজরুল ইসলাম, সরকারের উপাষ্ঠানিক শিক্ষা বিস্তার কার্যক্রমের নির্বাহী পরিচালক এস এম সাইফুদ্দিন।